
দৈনিক সংবাদ

128

তারিখ ... ... AUG 1 8 1999 ...
পৃষ্ঠা 9 ... কলাম ৭ ......



## মাননীয় শিক্ষামন্ত্রী এবং সকল বোর্ড চেয়ারম্যান সমীপে

গত ৩১-৭-৯৯ইং তারিখে প্রথম আলো পত্রিকায় প্রকাশিত "এসএসসি ও এইচ-এসসি পরীক্ষার্থীদের জন্য সুখবর". বিষয়টির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। অনুরূপভাবে গত ৬-৮-৯৯ তারিখে সংবাদ পত্রিকায় প্রকাশিত (চিঠিপত্র কলামে) "মাধ্যমিক উচ্চ মাধ্যমিক কর্তৃপক্ষ আরও একটু সদয় হবেন কি?" চিঠিটিও আমার দৃষ্টিগোচর হয়েছে। এই দুটি প্রস্তাব
আলোকে আমারও একটু মতাম
করতে মাননীয় শিক্ষামন্ত্রী ও
চেয়ারম্যানগণের দৃষ্টি আ
যথা— ঢাকা বোর্ডের
মন্ত্রিসভায় যা অনু
হয়েছে তা ঠিকই আছে।
সংযোজন প্রয়োজন বলে
যা নিম্নরূপ ঃ

ঢাকা বোর্ডের সিদ্ধান্ত এরকম যে, আগামী বছর এক বিষয়ে ফেল করা ছাত্রদের পুনঃ পরীক্ষা দিয়ে পাস করতে হবে। এক্ষণে আমার বক্তব্য যে, আগামী বছর নয় বিশেষ ব্যবস্থায় ২/৩ মাসের মধ্যে অথবা আরও আগে পরীক্ষা নিয়ে চলতি সেশনে কলেজে ভর্তির সুযোগ দান। অথবা ইংরেজি মিডিয়ামে 'ও' এবং 'এ' লেভেলের ন্যায় কলেজে ভর্তি হবার পর পরীক্ষা নেয়ার আবেদন করছি।

সম্প্রতি রাজশাহী বোর্ড পুনঃনিরীক্ষণের নামে দরখাস্ত আহ্বান করেছেন তাদের প্রতি অভিভাবকগণের পক্ষ থেকে আমার আবেদন ঃ হয় ঢাকা বোর্ডের অনুরূপ সিদ্ধান্ত মেনে নিন অথবা ১ বিষয়ে ফেল করা ছাত্রদের প্রতি দয়াপরবশ হোন এবং কমপক্ষে পাঁচ নম্বর থেকে দশ নম্বর কম পাওয়া ছাত্রদের অর্জিত সাফল্যের ভিত্তিতে দ্রুত রেজাল্ট দিন যাতে করে এই সেশনে তারা ভর্তি হতে পারে।

আলহাজ সাইফুল ইসলাম
নওগাঁ